## অনিয়মের অভিযোগে সরব তৃণমূলই

# পুকুরের বালিতে রাস্তা

**সুভাষ বর্মন**

**শালকুমারহাট, ২৯ এপ্রিল :** কোনও বিরোধী দলের নেতা বা কর্মীরা নন। খোদ শাসকদল তৃণমূলের স্থানীয় নেতা, জনপ্রতিনিধি এবং কর্মীরাই এবার সরকারি কাজে বড়সড়ো অনিয়মের অভিযোগ তুললেন। আলিপুরদুয়ার-১ ব্লকের শালকুমার-২ গ্রাম পঞ্চায়েতে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের প্রায় চার কোটি টাকার দুটি পেভার্স ব্লকের রাস্তার কাজে এই অনিয়মের অভিযোগ ঘিরে শোরগোল পড়েছে এলাকায়।

অভিযোগ, দুই রাস্তাতেই রিভার বেড মেটিরিয়ালস (আরবিএম) হিসেবে আশপাশের পুকুরের সামগ্রী দেওয়া হচ্ছে। অত্যন্ত নিম্নমানের কাজ হচ্ছে বলে তৃণমূলের নেতা-কর্মীরা লিখিত অভিযোগ জানিয়েছেন জেলা শাসক এবং বিডিওর কাছে।

উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ বলেন, 'কে কী অভিযোগ করছে, সেটা দেখার জন্য ইঞ্জিনিয়াররা আছেন। তাঁরা অবশ্যই বিষয়টি দেখবেন।' তাঁর সংযোজন, 'এই রাস্তার ক্ষেত্রে ঠিকাদার সংস্থার সঙ্গে আমাদের পাঁচ বছরের চুক্তি রয়েছে। রাস্তার কোনও ক্ষতি হলে তাদেরকেই ঠিক করতে হবে।'

শালকুমার-২ গ্রাম পঞ্চায়েতের সিধাবাড়িতে পেভার্স ব্লকের রাস্তার জন্য উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর বরাদ্দ করেছে প্রায় ২ কোটি ৭০ লক্ষ টাকা। কলাবাড়িয়া গ্রামের জন্য বরাদ্দ ১ কোটি ৩ লক্ষ টাকা। সেই রাস্তা দুটির কাজের মান নিয়েই উঠছে প্রশ্ন। জেলা ও ব্লক প্রশাসনের কাছে করা লিখিত অভিযোগপত্রে সই করেছেন তৃণমূল পরিচালিত আলিপুরদুয়ার-১ পঞ্চায়েত সমিতির বন ও ভূমি কর্মাধ্যক্ষ ভোলানাথ রায়। তাঁর কথায়, 'দুটি রাস্তার কাজই খারাপ হচ্ছে। উন্নতমানের আরবিএম না দিয়ে আশপাশের পুকুরের বালি, মাটি ব্যবহার করা হচ্ছে বলে এলাকার মানুষ অভিযোগ করেছেন। শালকুমারহাটের প্রধানপাড়াতেও রাস্তার কাজ চলছে। সেখানে কিন্তু কোনও অভিযোগ মেলেনি।'



*এই রাস্তার কাজ নিয়েই অনিয়মের অভিযোগ। শালকুমারহাটে।*

**নিম্নমানের কাজ**

- সিধাবাড়ি এবং কলাবাড়িয়া গ্রামে পেভার্স ব্লকের রাস্তার কাজে অসন্তোষ
- অভিযোগ, কাজে ব্যবহার করা হচ্ছে স্থানীয় পুকুরের আরবিএম
- বিষয়টি জানিয়ে জেলা শাসক এবং বিডিওকে চিঠি দিয়েছেন তৃণমূলেরই নেতা

এলাকাবাসীর সঙ্গে কথা বলে তাই সিধাবাড়ি এবং কলাবাড়িয়ার রাস্তা দুটি নিয়ে লিখিত অভিযোগ জানিয়েছেন। অভিযোগপত্রে সই করা শালকুমার-২ গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন উপপ্রধান উত্তম কার্জির বক্তব্য, 'রাস্তার মতো উন্নয়নমূলক কাজ সঠিকভাবে হোক, আমরা সেটাই চাই।' সম্প্রতি রাস্তা দুটির কাজ পরিদর্শনে যান জেলা পরিষদের সহকারী সভাধিপতি মনোরঞ্জন দে। তিনি বলেন, 'তখন এলাকার বাসিন্দাদের অনেকে আমাকেও রাস্তার কাজ নিম্নমানের হচ্ছে বলে অভিযোগ করেছিলেন। আমরা এলাকাবাসীর সঙ্গে আছি।'

এত টাকা বরাদ্দ হওয়ার পরেও নিম্নমানের কাজ হচ্ছে দেখে অবাক স্থানীয়রা। এলাকাবাসী গণেশ রায় বলেন, 'কোটি টাকার রাস্তার কাজের মান এরকম! নদীর বালি-পাথরের বদলে পুকুরের আরবিএম দিয়ে কাজ হচ্ছে।'

# খোল বাজালেন চেয়ারম্যান

## মুখে জয় জগন্নাথ

**অভিজিৎ ঘোষ**

**আলিপুরদুয়ার, ২৯ এপ্রিল :** শহরজুড়ে চলছে শোভাযাত্রা। রব উঠছে 'জয় জগন্নাথ', 'হরে কৃষ্ণ'। মঙ্গলবারের সেই শোভাযাত্রার কেন্দ্রবিন্দুতে খোদ আলিপুরদুয়ার পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর। কীর্তন দলের কাছ থেকে একটা খোল চেয়ে নিয়ে সেটা বাজানোর সঙ্গে সঙ্গে নাচতেও দেখা গেল চেয়ারম্যান প্রসেনজিৎকে।

বুধবার দিঘায় জগন্নাথ মন্দির উদ্বোধনের আগে আলিপুরদুয়ার শহরে এমনই ছবি দেখা গেল। 'হিন্দু ভোট চাই' এই লক্ষ্যকে সামনে রেখে রাজ্যের বিজেপির নেতারা বরাবর প্রচার চালিয়েছেন। তবে এবারের রাজনৈতিক অঙ্ক বলছে, সেই হিন্দু ভোট নিজেদের ঘরে রাখতে তৃণমূলও মরিয়া। জগন্নাথ মন্দিরের মেগা উদ্বোধনের আগে আলিপুরদুয়ারে তৃণমূল নেতাদের কর্মসূচি সেই বার্তাই স্পষ্ট করল। যদিও এই কর্মসূচি রাজনৈতিক নয়, ছিল প্রশাসনিক। আলিপুরদুয়ার পুরসভার পক্ষ থেকে এদিন শহরে ধর্মীয় শোভাযাত্রার আয়োজন করা হয়েছিল।



*শোভাযাত্রায় খোল বাজাচ্ছেন প্রসেনজিৎ কর। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী*

তৃণমূলের নেতা-কর্মীরা এদিন জয় জগন্নাথ ধ্বনিতে শহর মুখরিত করে তোলেন। বিভিন্ন এলাকা আগেই পোস্টার, ব্যানার ও তোরণে ছেয়ে গিয়েছে। কোথাও কোথাও মাইকে প্রচারও চলছে। এদিন সকাল ১১টা নাগাদ শহরের কোর্ট মোড় এলাকায় দমকলকেন্দ্রের সামনে থেকে শোভাযাত্রা শুরু হয়। বিএফ রোড ধরে গিয়ে আলিপুরদুয়ার চৌপথিতে তা শেষ হয়েছে।


চেয়ারম্যানের সঙ্গে নাচে এলাকার বেশ কয়েকজন কাউন্সিলারও যোগ দেন। আর কিছুটা দূরত্বে জয় জগন্নাথ ধ্বনি দিয়ে হাত উঁচু করে পাশে থাকার বার্তা দিলেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল, জেলা তৃণমূল চেয়ারম্যান গঙ্গাপ্রসাদ শর্মা, রাজ্য তৃণমূল সম্পাদক মৃদুল গোস্বামী। শোভাযাত্রার প্রথম দিকেই বড় ব্যানার হাতে ছিলেন তৃণমূলের মহিলা কাউন্সিলাররা। মোড়ে মোড়ে উলুধ্বনি, শঙ্খধ্বনিও করা হয়েছে। সুসজ্জিত ট্যাবলোর সঙ্গে ছিলেন পুরুষ কাউন্সিলাররা।

> আগামীকাল দিঘায় নতুন জগন্নাথ মন্দিরের উদ্বোধন হওয়াটা অত্যন্ত গর্বের। রাজ্যজুড়ে উৎসব চলছে। তাই আমরাও শামিল হলাম। এটা কোনও রাজনৈতিক বিষয় নয়।
>
> – **প্রসেনজিৎ কর**, চেয়ারম্যান, আলিপুরদুয়ার পুরসভা

জেলা তৃণমূলের নেতারাও এদিন রাস্তায় হেঁটেছেন। তবে এর পিছনের রাজনৈতিক সমীকরণের বিষয়টি রাজনৈতিক বিশেষজ্ঞদের চোখ এড়ায়নি। যদিও হিন্দু ভোটের বিষয়টি মানতে নারাজ তৃণমূল। প্রসেনজিৎ এদিন শোভাযাত্রায় হাঁটতে হাঁটতে বললেন, 'বুধবার দিঘায় নতুন জগন্নাথ মন্দিরের উদ্বোধন হওয়াটা অত্যন্ত গর্বের। রাজ্যজুড়ে উৎসব চলছে। তাই আমরাও শামিল হলাম। এটা কোনও রাজনৈতিক বিষয় নয়।'

অন্যদিকে, এই কর্মসূচিকে কেন্দ্র করে কটাক্ষ করার সুযোগ ছাড়েননি বিরোধীরা। বিজেপির জয় শ্রীরামের বিরুদ্ধে তৃণমূলও যে জয় জগন্নাথ স্বর জোরালো করছে তা বুঝতেও তাঁদের বাকি নেই। বিজেপির জেলা সভাপতি মিঠু দাসের কথায়, 'এতদিনে তৃণমূল এবং মুখ্যমন্ত্রী বুঝতে পেরেছেন যে সনাতনী হিন্দুদের ভোটের দাম রয়েছে। হিন্দু ভোট পেতে এইসব করা হচ্ছে। তবে খুব একটা লাভ হবে না। আগামী বিধানসভা নির্বাচনে তৃণমূলের বিদায় হবেই।' এছাড়া ঘাসফুল শিবির এইসবের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন দুর্নীতি থেকে মানুষের নজর ঘোরাতে চাইছে বলেও তাঁর দাবি।

এসবই ভোটের রাজনীতি বলে তৃণমূল ও বিজেপিকে কটাক্ষ করতে ছাড়েনি বাম ও কংগ্রেস। জেলা কংগ্রেস সভাপতি শান্তনু দেবনাথ বলেন, 'ধর্মীয় অনুষ্ঠান, মন্দির তৈরি সরকারের কাজ নয়। পুরসভার সমস্যা না মিটিয়ে পুরকর্মীদের দিয়ে শোভাযাত্রা করানো হচ্ছে।'



আজকের অমল।। *ইসলামপুরে ছবিটি তুলেছেন আরিফ আলম।*

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

# জঙ্গলে গবাদিপশুর বিচরণ রুখতে প্রচার

**প্রণব সূত্রধর**

**আলিপুরদুয়ার, ২৯ এপ্রিল :** বর্ষার আগে আদমা, বক্সা ও জয়ন্তী এলাকার বাসিন্দাদের গৃহপালিত পশুগুলি যাতে গভীর জঙ্গলে প্রবেশ না করে সে বিষয়ে ফের সচেতনতা বাড়ানোর উদ্যোগ নিল বন দপ্তর। গৃহপালিত পশুদের জঙ্গলে চরে বেড়ানোর ক্ষেত্রে এমনিতেই বন দপ্তরের বিধিনিষেধ রয়েছে। অন্যদিকে বর্ষার মরশুমে জঙ্গলে নতুন চারাগাছ জন্মায়। গৃহপালিত পশুরা বনের গভীরে গেলে এইসময় চারাগাছগুলিও নষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়াও গোরু চরাতে গিয়ে মানুষও হাতি, বাইসনের মতো বন্যপ্রাণীদের আক্রমণের মুখে পড়তে পারেন। তাই বিভিন্ন কারণে বন দপ্তর জঙ্গলে গৃহপালিত পশুদের ঢোকা বন্ধ করার জন্য মানুষকে সতর্ক করছে। তবে এক্ষেত্রে পশুপালন করে জীবিকা নির্বাহ করা স্থানীয় বনবস্তির মানুষ সমস্যায় পড়েছেন। যদিও এবিষয়ে বক্সা ব্যাঘ্র-প্রকল্পের ডিএফডি (ওয়েস্ট) হরিকৃষ্ণন পিজে বলেন, 'সচেতনতামূলক প্রচার করা হলেও এখন পর্যন্ত কোনও কড়া বিধিনিষেধ জারি করা হয়নি। এছাড়া বন্যপ্রাণীদের মধ্যে যাতে রোগ ছড়িয়ে পড়তে না পারে তার জন্য গৃহপালিত পশুদের ভ্যাকসিনও দেওয়া হয়ে থাকে।'

**সচেতনতা বাড়াতে**

- বর্ষায় আগে গৃহপালিত পশুরা খুরাই রোগে আক্রান্ত হয়
- ফলে বন্যপ্রাণীদেরও সংক্রামিত হওয়ার সম্ভাবনা থাকে
- গৃহপালিত পশুদের কারণে বুনোদের খাদ্যসংকট বাড়ে

বাইসন, হরিণ, খরগোশ জাতীয় প্রাণীদের প্রধান খাদ্য ঘাস ও লতাপাতা। গৃহপালিত পশুরা বনের ঘাস ও লতাপাতা খেলে বন্যপ্রাণীদের খাদ্যসংকটের আশঙ্কা দেখা যাবে। এছাড়া গৃহপালিত প্রাণীদের বিচরণের জায়গাতেও চারাগাছের ক্ষতি হয়। তাই বন লাগোয়া এলাকার গৃহপালিত পশুদের বনে প্রবেশের বিধিনিষেধ মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে।

বন দপ্তর সূত্রে জানা গিয়েছে, খুরাই সহ অন্যান্য ভাইরাসঘটিত রোগ থেকে বন্যপ্রাণীদের বাঁচাতে এই ধরনের সচেতনতার প্রচার করা হচ্ছে। তবে হিসয় ডুকপা, পাসা ডুকপার মতো কিছু মানুষের কাছে পশুপালনই অন্যতম প্রধান জীবিকা। আদমা ও বক্সার পাহাড়ের জঙ্গল এলাকার বাসিন্দারা গোরু, ছাগল পালন করে বড় অঙ্কের অর্থ উপার্জন করেন। পশুপালনের জন্য তাঁদের বনের ওপরই নির্ভর করে থাকতে হয়। হিসয় বলেন, 'বনবস্তি এলাকায় পশুপালন আমাদের প্রধান জীবিকা। তবে বন দপ্তরের তরফে গৃহপালিত পশুদের জঙ্গলে অবাধ যাতায়াতে বিধিনিষেধ করা হচ্ছে।'

## ব্যবসায়ীদের সভা

**পলাশবাড়ি ও সোনাপুর, ২৯ এপ্রিল :** মহাসড়কের কারণে পলাশবাড়ির ব্যবসায়ীদের পুনর্বাসন দিতে চলেছে জেলা পরিষদ। এজন্য দ্রুত রাস্তার পাশের দোকান স্থানান্তরিত করবেন ব্যবসায়ীরা। বুধবার জেলা প্রশাসনের প্রতিনিধিদের পলাশবাড়িতে আসার কথা রয়েছে। এজন্য মঙ্গলবার সন্ধ্যায় পলাশবাড়ি বাসস্ট্যান্ডের পাশেই সভা করলেন ব্যবসায়ীরা। সেখানে শিলবাড়িহাট ব্যবসায়ী সমিতির সম্পাদক নিখিলকুমার পোদ্দার সহ অন্যরা উপস্থিত ছিলেন। এদিন আবার সোনাপুর চৌপথি এলাকা জেলা প্রশাসনের কর্তারা পরিদর্শন করেন। কয়টি দোকানের ক্ষতি হবে, সেটার তালিকা করা হয়।

## ফালাকাটায় বৈঠক

**ফালাকাটা, ২৯ এপ্রিল :** বাংলা আবাস যোজনার কাজ, গ্রামীণ রাস্তাঘাট, পানীয় জল সহ গ্রামীণ এলাকার যাবতীয় কাজকর্ম নিয়ে পর্যালোচনা বৈঠক হল ফালাকাটায়। মঙ্গলবার ফালাকাটা ও মাদারিহাট-বীরপাড়া ব্লক নিয়ে এই বৈঠক করেন জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব এবং জেলা শাসক আর বিমলা। ফালাকাটা বিডিও অফিসের কনফারেন্স রুমে এই বৈঠক হয়। ফালাকাটার বিডিও অনীক রায় বলেন, 'জেলা প্রশাসন এখন থেকে ব্লক স্তরে পর্যালোচনা বৈঠক করার সিদ্ধান্ত নিয়েছে। এদিন আমাদের ফালাকাটা ও মাদারিহাট ব্লককে নিয়ে বৈঠক হয়।'

## শান্তি মহাযজ্ঞ

**শামুকতলা, ২৯ এপ্রিল :** শামুকতলা দুর্গাবাড়িতে মঙ্গলবার ভারত সেবাশ্রম সংঘের উদ্যোগে এবং শামুকতলা প্রণব সেবা সমিতির ব্যবস্থাপনায় বৈদিক বিশ্বশান্তি মহাযজ্ঞ অনুষ্ঠান হয়। প্রসাদ বিতরণ করা হয়। এই অনুষ্ঠানে এলাকার ধর্মপ্রাণ মানুষ অংশগ্রহণ করেন।

# প্রধান শিক্ষিকার বিরুদ্ধে হয়রানির অভিযোগ

**নীহাররঞ্জন ঘোষ**

**মাদারিহাট, ২৯ এপ্রিল :** মাদারিহাট গার্লস হাইস্কুলের প্রধান শিক্ষিকা কাজি রুনা লায়লা খানমের সঙ্গে সহ শিক্ষিকা কেশবী ওরাওঁয়ের বিবাদ চরমে উঠেছে। কেশবীর অভিযোগ, প্রধান শিক্ষিকা চক্রান্ত করে সপ্তম শ্রেণির ছাত্রীদের দিয়ে তাঁর বিরুদ্ধে ভোট করিয়েছেন। তাঁর বদলে এখন ওই পড়ুয়াদের পড়াচ্ছেন আরেক পার্শ্বশিক্ষিকা।

তাঁর অভিযোগ, মানসিক অত্যাচারের পাশাপাশি তাঁর ইনক্রিমেন্ট এবং অন্যান্য সুযোগসুবিধা থেকে বঞ্চিত করার হুমকি দিয়েছেন প্রধান শিক্ষিকা। কেশবী তাঁর মেয়েকে এই স্কুলেই পঞ্চম শ্রেণিতে ভর্তি করিয়েছিলেন। কিন্তু তার সঙ্গেও খারাপ ব্যবহার করায় মেয়েকে বাধ্য হয়ে অন্য স্কুলে ভর্তি করিয়েছেন। সমস্ত ঘটনা তিনি আদিবাসীদের একটি সংগঠনকে লিখিতভাবে জানিয়েছেন। অভিযোগ করেন জেলা বিদ্যালয় পরিদর্শককেও। প্রধান শিক্ষিকা অবশ্য সমস্ত অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করলেন।

কেশবী মাদারিহাট গার্লস হাইস্কুলে বাংলা পড়াচ্ছেন ১৯ বছর ধরে। সমস্যার সূত্রপাত হয় ছয় বছর আগে রুনা লায়লা খানম স্কুলের প্রধান শিক্ষিকা পদে যোগদান করার পর। অভিযোগ, যোগদানের কয়েকদিন পর থেকে বর্ণবৈষম্যের কটূক্তি শুনতে হয়। বললেন, 'নবম শ্রেণির ক্লাস নেওয়া থেকেও বাদ দেওয়া হয়েছে আমাকে। আর সপ্তম শ্রেণির ছাত্রীদের দিয়ে আমার বিরুদ্ধে ভোট করানো হয়। কে ক্লাস নেবেন, তা নিয়ে একজন পার্শ্বশিক্ষিকার সঙ্গে আমার ভোট করানো হয়েছে।'

তবে পার্শ্বশিক্ষিকার বিরুদ্ধে তাঁর কোনও অভিযোগ নেই। কেশবী এই বিষয়ে জেলা বিদ্যালয় পরিদর্শকের কাছে লিখিত অভিযোগ জানিয়েছিলেন। সেখানে বৈঠক ডেকে তাঁকে নিয়ম মেনে ক্লাস দিতে বলা হয়েছিল। তারপরও ক্লাস করতে দেওয়া হচ্ছে না। জেলা বিদ্যালয় পরিদর্শক আশানুল করিমকে প্রশ্ন করা হলে তিনি বলেন, 'আমরা অভিযোগপত্র মধ্যশিক্ষা পর্ষদে পাঠাব। এবার সিদ্ধান্ত পর্ষদ নেবে।'

এদিকে, সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন প্রধান শিক্ষিকা। তিনি জানান, সপ্তম শ্রেণির পড়ুয়াদের দিয়ে ভোট করানোর অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। মনগড়া কথা বলছেন ওই শিক্ষিকা। তাঁর দাবি, 'স্কুলে নতুন চারজন শিক্ষিকা যোগদান করেছেন। সেজন্য রুটিনে অদলবদল করতে হচ্ছে।' সপ্তম শ্রেণির কয়েকজন ছাত্রী নাকি এসে বাণী লাহিড়ি নামের পার্শ্বশিক্ষিকাকে তাদের ক্লাস দিতে বলে। শিক্ষিকার মেয়েকে অন্য স্কুলে ভর্তি করানোর প্রসঙ্গে তাঁর বক্তব্য, 'ট্রান্সফার সার্টিফিকেট না নিয়ে আসার জন্য ওই শিক্ষিকার মেয়েকে এখানে ভর্তি করা যায়নি। এর মতোই বাকি অভিযোগও ভিত্তিহীন।'

> নবম শ্রেণির ক্লাস নেওয়া থেকেও বাদ দেওয়া হয়েছে আমাকে। আর সপ্তম শ্রেণির ছাত্রীদের দিয়ে আমার বিরুদ্ধে ভোট করানো হয়। কে ক্লাস নেবেন, তা নিয়ে একজন পার্শ্বশিক্ষিকার সঙ্গে আমার ভোট করানো হয়েছে।
>
> **কেশবী ওরাওঁ**
> সহ শিক্ষিকা

## ট্রেন থেকে নিখোঁজ পরিযায়ী শ্রমিক

**আলিপুরদুয়ার, ২৯ এপ্রিল :** পঞ্জাব থেকে বাড়ি ফেরার পথে গোরক্ষপুর স্টেশন থেকে নিখোঁজ হলেন এক পরিযায়ী শ্রমিক। আলিপুরদুয়ার শহরের নিউ আলিপুরদুয়ার স্টেশনের পূর্বদিকে সঞ্জয় মোদক নামে ওই পরিযায়ী শ্রমিকের বাড়ি। পরিবার সূত্রে জানা গিয়েছে, ২৩ এপ্রিল ট্রেনে চড়েন তিনি। ২৫ এপ্রিল বাড়ি ফেরার কথা ছিল তাঁর। কিন্তু তিনি সেদিন বাড়ি ফেরেননি। তারপর থেকে বিভিন্ন জায়গাতে খোঁজখবর নেন পরিবারের লোকেরা। খোঁজ না মেলায় নিখোঁজের অভিযোগ দায়ের করা হয়।পরিযায়ী শ্রমিকের স্ত্রী সবিতা মোদক বলেন, 'চারজনের সঙ্গে ট্রেনে বাড়ি ফিরছিলেন। তবে ট্রেনে ভয় পাচ্ছিলেন বলে ফোন করেন। তারপর আর যোগাযোগ করা সম্ভব হয়নি। নিখোঁজের পর সহযাত্রীদের মোবাইল ফোন বন্ধ রয়েছে।' এই ব্যাপারে জিআরপি এবং আরপিএফের কাছে নিখোঁজের অভিযোগ দায়ের করা হয়েছে।

### টুকরো খবর

## পিওএস বিলি

**ফালাকাটা, ২৯ এপ্রিল :** ফালাকাটার সার ব্যবসায়ীদের পিওএস মেশিন দিল কৃষি দপ্তর। মঙ্গলবার ফালাকাটা ব্লকের বিভিন্ন প্রান্তের ৫৬ জন ব্যবসায়ীকে ওই মেশিন দেওয়া হয়। সেখানে আলিপুরদুয়ার মহকুমার সহ কৃষি অধিকর্তা (শস্য সুরক্ষা) অম্লান ভট্টাচার্য উপস্থিত ছিলেন। ফালাকাটা ব্লক সহ কৃষি অধিকর্তা সুপ্রিয় বিশ্বাস বলেন, 'কৃষকরা যাতে আধার কার্ড দিয়ে দোকান থেকে সার কেনেন সেই জন্যই পিওএস মেশিন দেওয়া হল।'

## গ্রেপ্তার

**বীরপাড়া, ২৯ এপ্রিল :** লঙ্কাপাড়ার বাসিন্দা বিকাশ লামাকে ধারালো অস্ত্রে খুন করার অভিযোগে ভুটান সীমান্তের মাকড়াপাড়া চা বাগানের মণীশ রাই নামে এক তরুণকে সোমবার বিকেলে গ্রেপ্তার করে পুলিশ। মাকড়াপাড়া কালী মন্দিরের কিছু দূরে মণীশ আত্মসমর্পণ করে। পুলিশ জেনেছে, বিকাশ এবং মণীশ বচসায় জড়িয়েছিল। আলিপুরদুয়ার মহকুমা আদালত সোমবার মণীশের ৭ দিনের পুলিশি হেপাজতের নির্দেশ দিয়েছে।

## ভোগান্তি

**হাসিমারা, ২৯ এপ্রিল :** রবিবার গভীর রাতে ঝড়-বৃষ্টিতে কালচিনি ব্লকের মধ্য সাতালি গ্রামে একটি বিদ্যুতের খুঁটি ভেঙে পড়ে। এতে গ্রামটিতে বিদ্যুৎ পরিষেবা বন্ধ হয়ে যায়। অভিযোগ, তার দু'দিন পার হলেও মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত ওই গ্রামে বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক হয়নি। স্থানীয় বাসিন্দা উদয় মোচারির কথায়, 'আমরা বিদ্যুৎ বণ্টন সংস্থায় অনলাইনে অভিযোগ জানিয়েছি।' রাত আটটা নাগাদ ওই এলাকায় পরিষেবা স্বাভাবিক হয়।



# গ্র্যাচুইটি নিয়ে ক্ষোভ চরমে

**শামুকতলা, ২৯ এপ্রিল :** অবসর নেওয়ার পরেও গ্র্যাচুইটির টাকা সময়মতো দিচ্ছে না বাগান কর্তৃপক্ষ। মাঝেরডাবরি চা বাগানের মালিকপক্ষের বিরুদ্ধে এই অভিযোগ তুললেন অবসরপ্রাপ্ত শ্রমিকদের একাংশ। মঙ্গলবার ওই চা বাগানের অবসরপ্রাপ্ত শ্রমিকরা জেলা শ্রম দপ্তরের কাছে এব্যাপারে অভিযোগ জানিয়েছেন। তবে চা শ্রমিক সংগঠনগুলির মতে, এই সমস্যা কেবল মাঝেরডাবরির নয়, আলিপুরদুয়ার জেলার অনেক বাগানেই এটা একটা বড় সমস্যা।

শ্রমিকদের অভিযোগ, ওই চা বাগানে ১২০ জনের অবসরপ্রাপ্ত শ্রমিক তাঁদের গ্র্যাচুইটির টাকা পাচ্ছিলেন না দীর্ঘদিন ধরে। মালিকপক্ষ গত তিন মাসে ২০ জনকে টাকা দিয়েছে। আরও ১০০ জন শ্রমিক তাঁদের গ্র্যাচুইটির টাকা থেকে বঞ্চিত হয়ে রয়েছেন। যদিও অভিযোগ পুরোপুরি মানতে নারাজ বাগান কর্তৃপক্ষ। মাঝেরডাবরি চা বাগানের ম্যানেজার চিন্ময় ধর বলেন, 'আমাদের চা বাগানের অবসরপ্রাপ্ত কয়েকজন শ্রমিক গ্র্যাচুইটি পাননি। তবে সংখ্যাটা একশোর অনেক নীচে।'

এদিন শ্রম দপ্তরে অভিযোগ জানাতে যান ওই চা বাগানের শ্রমিক চামু খড়িয়া, বাবলু মুন্ডা, মনজিৎ কাল্লুর মতো অন্তত ৫০ জন অবসরপ্রাপ্ত চা শ্রমিক। এই শ্রমিকদের মধ্যে কেউ তিন বছর, কেউ চার বছর আগে অবসর নিলেও গ্র্যাচুইটির টাকা পাচ্ছেন না। চামুর দাবি, 'তিন বছর আগে অবসর নিয়েছি। কিন্তু গ্র্যাচুইটির টাকা না পাওয়ার ফলে চূড়ান্ত আর্থিক অনটনে দিন কাটাতে হচ্ছে।'

তাঁরা বলছেন, এই নিয়ে লাগাতার আন্দোলন করছেন। সংশ্লিষ্ট দপ্তরগুলিতে একাধিকবার দাবিপত্র জমা করেছেন। তাও সমস্যা মিটছে না। এদিকে, শ্রমিক সংগঠনগুলি দাবি করেছে, অবসর নেওয়ার ১৫ দিনের মধ্যেই সমস্ত শ্রমিকদের গ্র্যাচুইটির টাকা মিটিয়ে দিতে হবে। তা না হলে বাম, বিজেপি, তৃণমূল শ্রমিক সংগঠনগুলি একযোগে লাগাতার আন্দোলনের হুমকি দিয়েছে। সিটুর আলিপুরদুয়ার জেলা সভাপতি বিদ্যুৎ গুন অভিযোগ করেন, 'বাগানে গ্র্যাচুইটি না দেওয়া একটি সাধারণ সমস্যা। এটা শ্রমিকদের জন্য উদ্বেগের।'

**মিলছে না**

- আলিপুরদুয়ার চা বাগানে বাড়ছে ক্ষোভ
- একযোগে লাগাতার আন্দোলনের হুমকি
- শ্রম দপ্তরে অভিযোগ দায়ের

সুধীরচন্দ্র রায়, কেওয়াল ঝা, বাবলু মুন্ডার মতো শ্রমিকরা ক্ষোভ উগরে দিয়ে জানালেন, অর্থাভাবে কেউ মেয়ের বিয়ে দিতে পারছেন না। কারও আবার চিকিৎসা আটকে যাচ্ছে। ঘরবাড়ি মেরামতের মতো জরুরি কাজগুলিও করতে পারছেন না অবসরপ্রাপ্ত শ্রমিকরা। তবে মাঝেরডাবরির ম্যানেজারের আশ্বাস, 'আমাদের গ্র্যাচুইটি প্রদানের প্রক্রিয়া লাগাতার চলছে।'

## শোভাযাত্রা

**আলিপুরদুয়ার ব্যুরো**

**২৯ এপ্রিল :** বুধবার দিঘায় জগন্নাথ দেবের মন্দির উদ্বোধন হবে। এই উপলক্ষ্যে মঙ্গলবার জেলাজুড়ে বিভিন্ন কর্মসূচি দেখা যায়। এদিন কালচিনি ব্লক তৃণমূলের উদ্যোগে কালচিনিতে শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি কালচিনি থানা ময়দান থেকে শুরু হয়ে বিভিন্ন এলাকা পরিক্রমা করে রাঙ্গামাটি রোডের পুরোনো পেট্রোল পাম্পে গিয়ে শেষ হয়। আলিপুরদুয়ার-১ ব্লক তৃণমূলের বিবেকানন্দ ২ নম্বর অঞ্চল তৃণমূলের তরফে আলিপুরদুয়ার জংশনে একটি শোভাযাত্রা বের হয়। এছাড়া হয় বাইক র‍্যালিও। মাঝেরডাবরিতেও ৯০০টি বাইক নিয়ে র‍্যালি হয়।

## প্রতিবাদ সভা

**পলাশবাড়ি, ২৯ এপ্রিল :** মঙ্গলবার সন্ধ্যায় পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েতের যোগেন্দ্রনগর হাটখোলায় প্রতিবাদ সভা করল হিন্দু জাগরণ মঞ্চ। সম্প্রতি কাশ্মীরের পহলগামে ঘটে যাওয়া জঙ্গি হামলার প্রতিবাদেই সরব হন জাগরণ মঞ্চের প্রতিনিধিরা।

## সার্চলাইট বিলি

**জটেশ্বর, ২৯ এপ্রিল :** দলগাঁও জঙ্গল লাগোয়া গ্রাম ও চা বাগান এলাকায় বুনো হাতি ও চিতাবাঘের আতঙ্ক বেড়েছে। আলো না থাকায় অনেক সময় হাতি ও চিতাবাঘের গতিবিধি বোঝা যায় না, ফলে তাদের হামলার শিকার হন জঙ্গল লাগোয়া এলাকার বাসিন্দারা। তাই বন দপ্তর ও জয়েন্ট ফরেস্ট ম্যানেজমেন্ট কমিটি বাসিন্দাদের সার্চলাইট দিল। দলগাঁও বিট অফিসে সার্চলাইট বিতরণ কর্মসূচি করা হয়।

## উদ্ধার

**শামুকতলা, ২৯ এপ্রিল :** অসম থেকে মানসিক ভারসাম্যহীন এক তরুণ শামুকতলা থানা এলাকায় চলে এসেছিলেন। মঙ্গলবার তাঁকে উদ্ধার করে পরিবারের হাতে তুলে দিল শামুকতলা থানার পুলিশ। শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে বলেন, 'এলাকাবাসী খবর দিলে তাঁকে পরিবারের হাতে তুলে দেওয়া হয়। বাড়ি অসমের গোঁসাইগাঁও এলাকায়।'

# গরমের ছুটি নিয়ে ফেসবুকে কটাক্ষ

**প্রণব সূত্রধর**

**আলিপুরদুয়ার, ২৯ এপ্রিল :** ৩০ এপ্রিল থেকে গরমের ছুটি। কিন্তু উত্তরে তো গরম তেমন পড়েইনি! এই ছুটি কিছুতেই মেনে নিতে পারছেন না আলিপুরদুয়ারের অভিভাবক থেকে শুরু করে শিক্ষক সকলেই। মঙ্গলবার গরমের ছুটির আগে শেষ ক্লাস ছিল। আর এদিনই শিক্ষকরা সামাজিক মাধ্যমে কটাক্ষ করলেন গরমের ছুটির এই ঘোষণাকে।

আলিপুরদুয়ারে সোমবার রাতের বৃষ্টির পর মঙ্গলবারের আবহাওয়াটা মনোরমই ছিল। তাই স্কুলে স্কুলে গরমের ছুটির ঘোষণাটা 'অবাস্তব' হয়ে পরে সকলের কাছে। বিভিন্ন শিক্ষক সংগঠনের প্রতিনিধিরা ছাড়াও একাংশ শিক্ষক ব্যক্তিগতভাবে সামাজিক মাধ্যমে ছবি ও মিম পোস্ট করেছেন। অনির্দিষ্টকালের জন্য ছুটি ঘোষণা হওয়ায় পঠনপাঠনের উপর প্রভাব পড়বে বলে মনে করছেন সকলে। গরমের ছুটিতে 'স্কুল প্রোজেক্ট' দিলেও অনলাইনে ক্লাস কতটা সম্ভব, তা নিয়ে প্রশ্ন উঠেছে। বিশেষ করে স্মার্ট ফোন সহ ইন্টারনেটের সমস্যা রয়েছে। ফলে অনলাইনে ক্লাস সব স্কুল পড়ুয়াদের জন্য সম্ভব নয়। মাঝপথে স্কুল ছুটিতে খুশি নন অভিভাবকদেরও বড় অংশ।

নিখিলবঙ্গ শিক্ষক সমিতির জেলা সম্পাদক জয়ন্ত সাহা গরমের ছুটি সম্পর্কে বলেন, 'এটা অপরিকল্পিত ছুটি ঘোষণা করা হয়েছে। এতে ছাত্রছাত্রীদের পড়াশোনায় খারাপ প্রভাব পড়বে।'

এদিন স্কুল ছুটির পর এক শিক্ষক সামাজিক মাধ্যমে মজা করে লেখেন, 'আজ নিজেকে বিন তুঘলক মনে হল, ঠান্ডা আবহাওয়ায় গ্রীষ্মের ছুটি দিতে হল।' আরেক শিক্ষক অবশ্য লেখেন, 'জাম্পার গায়ে দিয়ে স্কুলে এলাম গরমের ছুটি দিতে। জুনে যখন উত্তরবঙ্গে প্রচণ্ড গরম থাকবে, তখন স্কুল খুলবে।'

জাম্পার গায়ে দিয়ে স্কুলে আসলাম গরমের ছুটি দিতে, জুনে যখন উত্তরবঙ্গে প্রচণ্ড গরম থাকবে কলিকাতার নির্দেশে তখন স্কুল খুলবে।

*সোশ্যাল মিডিয়ায় এক শিক্ষকের পোস্ট।*

আরেক শিক্ষক সামাজিক মাধ্যমে লিখেছেন, 'যে কারণে লকডাউনে ২ বছর স্কুল স্কুল বন্ধ ছিল, সে কারণেই প্রাক গরমকাল থেকে অনির্দিষ্টকাল অবধি স্কুল বন্ধ থাকে। স্কুলের চাকরি কন্ট্রাকচুয়াল হবে না তো কাদের হবে?'

অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘের যুগ্ম সম্পাদক সুমন্ত সিংহর এই বিষয়ে বক্তব্য, 'আলিপুরদুয়ার সহ উত্তরবঙ্গে তাপমাত্রা তেমন নেই। দক্ষিণবঙ্গে ছুটি হলে সমস্যা নেই। তবে এখানে জোনভিত্তিক ছুটি হলে ভালো হয়। এই ধরনের ছুটিতে পঠনপাঠনে খারাপ প্রভাব পড়বে।' ডিপিএসসি অবশ্য এই বিষয়ে বিশেষ উদ্যোগ নেওয়ার কথা বললেও অনলাইন ক্লাস চালুর বিষয়ে কিছু বলতে পারেননি চেয়ারম্যান পরিতোষ বর্মন।

# সোনার ছোঁয়ায় সমৃদ্ধি

## অক্ষয় তৃতীয়ার আগে গয়না কেনার হিড়িক

বিশেষ অনুষ্ঠানে বা উৎসবের সময় সোনা কেনাকে সমৃদ্ধি ও ভাগ্যের প্রতীক মনে করা হয়

অক্ষয় তৃতীয়ায় সোনা কিনলে তা সুখ, অর্থ এবং সমৃদ্ধি বয়ে আনে বলে বিশ্বাস করা হয়

ধনতেরাসেই আগে মূলত সোনা-রুপো কিনতে দেখা যেত সকলকে

কিন্তু এখন অক্ষয় তৃতীয়াতেও সোনার দোকানে ভিড় হয়, থাকে নানা অফারও



সোনার দোকানে ছাড়ের বাহার, সুযোগ বুঝে কেনাকাটা। মঙ্গলবার আলিপুরদুয়ারে। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী



**দামিনী সাহা**

**আলিপুরদুয়ার, ২৯ এপ্রিল :** মঙ্গলবারের দুপুর। আলিপুরদুয়ার শহরের নিউটাউন এলাকার একটি নামী সোনার দোকানে ঢুকলেন রাজীব রায় ও তৃষ্ণা রায়। সামনেই ছেলের বিয়ে। হবু বৌমার জন্য একটা 'ভালো কিছু' খুঁজতেই এসেছেন তাঁরা। বাইরে তখন হালকা রোদ। দোকানের ভেতরের আলোয় ঝলমল করছে গয়নাগুলো। পরখ করে দেখছেন দম্পতি। 'সোনার দাম তো আকাশ ছুঁয়েছে,' চোখ না তুলেই বললেন রাজীববাবু, 'তাই ভাবলাম অক্ষয় তৃতীয়ার এই ছাড়ে যদি কিছুটা লাভ হয়!' তৃষ্ণাদেবী একটু হেসে যোগ করলেন, 'এখনকার মেয়েরা কিন্তু স্টাইল আর ট্রেন্ড বুঝে গয়না পছন্দ করে। তাই একটু সময় নিয়ে খুঁজে খুঁজে নিতে হচ্ছে।' এই দৃশ্য শুধু রাজীব-তৃষ্ণাদের নয়। বুধবার অক্ষয় তৃতীয়া। তাই এই দিনটিকে সামনে রেখে নিউটাউনের প্রায় প্রতিটি গয়নার দোকানে এখন এমনই ভিড়। কেউ বিয়ের জন্য, কেউ নিজের সাজের জন্য, কেউ আবার নিছক শুভলগ্নে বিনিয়োগ করতেই এসেছেন দোকানে।

এই শুভ তিথিতে 'অক্ষয়' অর্থাৎ চিরস্থায়ী সৌভাগ্যের প্রতীক হিসেবে বহু মানুষ সোনা কেনেন। আগে এই প্রথা মূলত ধনতেরাসকে ঘিরেই জনপ্রিয় ছিল, কিন্তু গত কয়েক বছর ধরে অক্ষয় তৃতীয়াও হয়ে উঠেছে গয়না ব্যবসায়ীদের কাছে লাভের 'সোনালি সুযোগ।' সোনার দর এখন লাখ টাকা ছুঁই ছুঁই। তবুও অক্ষয় তৃতীয়ার এই বিশেষ ছাড়ের সুযোগকে কাজে লাগাতে ভিড় বাড়ছে শহরের বিভিন্ন দোকানে। কেউ খুঁজছেন সীতাহার, কেউবা মোটা বালা, কেউ আবার চোখ রাখছেন হালকা ওজনের ট্রেন্ডি সেটের দিকে। বহু দোকানে গয়নার মজুরিতে ২০ থেকে ৩০ শতাংশ পর্যন্ত ছাড় মিলছে। শুধু সোনা নয়, হীরের গয়নার ওপরেও চলছে আকর্ষণীয় ছাড়। তার সঙ্গে উপহার তো রয়েছেই।

শহরের পুরোনো বাজার এলাকার একটি গয়নার দোকানদার উত্তম সরকার বলেন, 'এই অফারগুলো আমরা সাধারণত পয়লা বৈশাখের সময় থেকে শুরু করি এবং অক্ষয় তৃতীয়া পর্যন্ত চলে। গত কয়েক বছর ধরেই এই সময়টা আমাদের জন্য লাভবান হয়ে দাঁড়িয়েছে। কারণ বৈশাখ মাস থেকে আগামী কয়েক মাস বিয়ের কেনাকাটা চলে।'

আরেক ব্যবসায়ী নিখিল সরকার বলেন, 'এখন ধনতেরাস আর অক্ষয় তৃতীয়া, দুটোকেই মানুষ শুভ লগ্ন বলে ধরে নিচ্ছেন। ফলে এই সময় গয়না কেনার দিকে ঝোঁক অনেকটা বেড়েছে। এখন আবার বিভিন্ন চেন স্টোরগুলো ছাড়ের অফার দেয়, ফলে আমরা স্থানীয় ব্যবসায়ীরাও একই পথে হাঁটতে বাধ্য হই। কম্পিটিশনের যুগ বলে কথা।'

গয়নার ডিজাইনের দিকেও এসেছে বদল। একসময় যেখানে ভারী ও মোটা গয়নার চল ছিল, এখন সেই জায়গা নিয়েছে হালকা ও ইউনিক ডিজাইনের সেট। তাতে দাম কিছুটা কম পড়ে, আবার ব্যবহারও সহজ হয়। নিউটাউনের বাসিন্দা তরুণী প্রিয়াংকা সেনের কথায়, 'আমি ও আমার মা মিলে একটা হালকা সেট নিচ্ছি। পুজোর সময় পড়ার জন্যই কিনছি। এত ছাড়ের সময় হাতছাড়া করতে চাইনি।' কেউ আবার এই অফারের সুযোগ নিয়ে কিনে ফেলছেন বিয়ের গয়নাও।

অনেকে আবার এটিকে সম্পূর্ণ বিনিয়োগ হিসেবেই দেখছেন। 'সোনার দাম বাড়ছে, তাই যতটা সম্ভব এখন কিনে রাখছি,' বললেন প্রবীণ অরুণাভ দত্ত।

তবে ব্যবসায়ীরা জানাচ্ছেন, যত ছাড়ই দেওয়া হোক, সোনার মূল্যবৃদ্ধির কারণে এখন বড় অঙ্কের গয়না বিক্রি তুলনামূলকভাবে কম হচ্ছে। বেশি বিক্রি হচ্ছে কম ওজনের ফ্যাশনেবল সেট, আংটি ও হালকা বালাজাতীয় গয়না।

সব মিলিয়ে শহরের পুরোনো বাজার থেকে শুরু করে নিউটাউন সহ আশপাশের এলাকায় অক্ষয় তৃতীয়াকে ঘিরে দেখা দিয়েছে উৎসব মুখর পরিবেশ। তাই তো দোকানে দোকানে এখন ভিড়, অফারের ছড়াছড়ি ও ক্রেতা-বিক্রেতার মুখে হাসি।

> এখন ধনতেরাস আর অক্ষয় তৃতীয়া, দুটোকেই মানুষ শুভ লগ্ন বলে ধরে নিচ্ছেন। ফলে এই সময় গয়না কেনার দিকে ঝোঁক অনেকটা বেড়েছে। এখন আবার বিভিন্ন চেন স্টোরগুলো ছাড়ের অফার দেয়, ফলে আমরা স্থানীয় ব্যবসায়ীরাও একই পথে হাঁটতে বাধ্য হই।
>
> **নিখিল সরকার** *ব্যবসায়ী*

> আমি ও আমার মা মিলে একটা হালকা সেট নিচ্ছি। পুজোর সময় পড়ার জন্যই কিনছি। এত ছাড়ের সময় হাতছাড়া করতে চাইনি।
>
> **প্রিয়াংকা সেন** *তরুণী*



ছবি : এআই



আলিপুরদুয়ার চৌপথি এলাকায় থাকা এই ডাকবাক্সটি এখন ব্যবহার হয় না আর। - সংবাদচিত্র

# অবহেলায় পড়ে ডাকবাক্স

**আলিপুরদুয়ার, ২৯ এপ্রিল :** চিঠির আদানপ্রদান আর হয় না। এখন সামাজিক মাধ্যমেই মনের কথা লিখে দিই আমরা সকলে। যুগ পরিবর্তনের সঙ্গে বদল এসেছে সবকিছুতেই। চিঠি পাঠানোর জন্য তৈরি হয়েছিল ডাকঘর এবং বিভিন্ন জায়গায় সেই ডাকঘরে চিঠি পৌঁছানোর জন্য তৈরি করা হয় ডাকবাক্স। সেই ডাকবাক্স আলিপুরদুয়ার শহরের বিভিন্ন পোস্ট অফিসের সামনে দেখা যায়। চৌপথি এলাকায় থাকা ডাকবাক্সটি এখন বেহাল। ব্যবহার না হলেও ডাকবাক্সটি পরিষ্কার করে ব্যবহারের যোগ্য করার জোরালো দাবি তুলছেন শহরবাসীর একাংশ।

চৌপথি এলাকায় গিয়ে দেখা যায় সেখানে ডাকবাক্সটি জরাজীর্ণ অবস্থায় পড়ে রয়েছে। মরচে ধরে ভেঙে গিয়েছে একাধিক অংশ। শুধুই পুরোনো স্মৃতি বহন করার জন্যই যেন সেটি রাখা হয়েছে। ডাকবাক্সটি যে দোকানটির সামনে রয়েছে সেখানকার এক কর্মী পূজা দাস বলেন, 'এই ডাকবাক্সটি অনেক দিন ধরে পড়ে রয়েছে। দেখার মতন কেউ নেই। কাউকে ব্যবহার করতে দেখিনি কখনও। প্রবীণদের কাছে শুনেছি আগে নাকি প্রচুর মানুষ এই ডাকবাক্সটি ব্যবহার করতেন। সেভাবে যদি আবার ব্যবহারের উপযুক্ত করে তোলা যায়, তাহলে জিনিসটি নষ্ট হবে না। চিঠি আদানপ্রদানের প্রথাটাও ফিরে আসবে।'

অপরদিকে, শহরের প্রবীণ নাগরিক ল্যারি বসুর কথায়, 'আমাদের সময় বহুবার চিঠি পাঠিয়েছিলাম এই ডাকবাক্সের মাধ্যমেই। তখন সবাই ব্যবহার করতেন। প্রতিদিন দিনে দুই থেকে তিনবার সেখান থেকে চিঠি বের করে নিয়ে যেতেন পোস্ট অফিসের কর্মীরা। কিন্তু সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে সেই ডাকবাক্সটির ব্যবহারও ভুলে গিয়েছেন সাধারণ মানুষ। অবহেলার কারণে ডাকবাক্সটি বর্তমানে এই অবস্থায় রয়েছে। দেখলে সত্যি খারাপ লাগে।'

আলিপুরদুয়ার পোস্ট অফিসের পোস্টমাস্টার মিঠু দাস বলেন, 'এখনও ডাকবাক্সগুলিতে চিঠি ফেলা হয় এবং সেখান থেকে নিয়মিত চিঠি বেরও করা হয়।'

> প্রবীণদের কাছে শুনেছি আগে নাকি প্রচুর মানুষ এই ডাকবাক্সটি ব্যবহার করতেন। সেভাবে যদি আবার ব্যবহারের উপযুক্ত করে তোলা যায়, তাহলে জিনিসটি নষ্ট হবে না। চিঠি আদানপ্রদানের প্রথাটাও ফিরে আসবে।
>
> **- পূজা দাস**

## আজ শহরে

- আলিপুরদুয়ার 'সহজ যোগ জ্ঞানকেন্দ্র'-এর উদ্যোগে সংগীতাঞ্জলি অনুষ্ঠান, সন্ধ্যা ৬টা থেকে পুরসভা প্রেক্ষাগৃহে।

## জরুরি তথ্য

### মজুত রক্ত

মঙ্গলবার বিকেল ৫টা অবধি

**আলিপুরদুয়ার জেলা হাসপাতাল (পিআরবিসি)**

| | |
|---|---|
| এ পজিটিভ | ৬ |
| বি পজিটিভ | ১ |
| ও পজিটিভ | ৬ |
| এবি পজিটিভ | ১ |
| এ নেগেটিভ | ০ |
| বি নেগেটিভ | ০ |
| ও নেগেটিভ | ২ |
| এবি নেগেটিভ | ০ |

**ফালাকাটা সুপারস্পেশালিটি হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ১ |
| বি পজিটিভ | ৩ |
| ও পজিটিভ | ১ |
| এবি পজিটিভ | ২ |
| এ নেগেটিভ | ১ |
| বি নেগেটিভ | ০ |
| ও নেগেটিভ | ০ |
| এবি নেগেটিভ | ১ |

**বীরপাড়া স্টেট জেনারেল হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ০ |
| বি পজিটিভ | ২ |
| ও পজিটিভ | ০ |
| এবি পজিটিভ | ০ |
| এ নেগেটিভ | ০ |
| বি নেগেটিভ | ০ |
| ও নেগেটিভ | ০ |
| এবি নেগেটিভ | ০ |

# এখনও আতঙ্কে স্বর্ণ ব্যবসায়ীরা

**পিকাই দেবনাথ**

**কামাখ্যাগুড়ি, ২৯ এপ্রিল :** কামাখ্যাগুড়ি শহরের সোনার দোকানগুলিতে বেশ ঘটা করেই অক্ষয় তৃতীয়ার আয়োজন করা হয়। বুধবারই অক্ষয় তৃতীয়া। কিন্তু সোমবার শহরের শান্তিনগরে একেবারে রাজ্য সড়কের পাশেই একটি সোনার দোকানে লুটপাটের ঘটনার পর থেকেই স্বর্ণ ব্যবসায়ীরা উদ্বিগ্ন। উৎসবের সুর কোথাও যেন কেটে গিয়েছে। এদিকে, ঘটনার পর ২৪ ঘণ্টা পেরিয়ে গেলেও মঙ্গলবার বিকেল অবধি কাউকে গ্রেপ্তার করা যায়নি।

মঙ্গলবার কামাখ্যাগুড়ি ফাঁড়িতে ঘটনার তদন্তে আসেন এসডিপিও এমপি শ্রীনিবাসন। কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ জানিয়েছে, এসডিপিও'র নেতৃত্বে ঘটনার তদন্ত চলছে।

সোমবারের লুটপাটে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীর নাম দীপক দেবনাথ। ঘটনার পর ওই ব্যবসায়ী অজ্ঞান হয়ে পড়ায় তাঁকে নার্সিংহোমে ভর্তি করা হয়। মঙ্গলবার তিনি বাড়ি ফিরে এসেছেন। জানালেন, তাঁর পরনেই প্রায় ৩৭ গ্রাম ওজনের সোনার গয়না ছিল। সেসব দুষ্কৃতীরা নিয়ে গিয়েছে। সেই গয়নার আনুমানিক বাজারদর সাড়ে ৩ লক্ষ টাকা। এছাড়া দোকান থেকে আর কী কী খোয়া গিয়েছে, সেসব এখনও খতিয়ে দেখার সুযোগ পাননি তিনি।

কী ঘটেছিল সোমবার? দীপকের সঙ্গে কথা বলে জানা গেল, ক্রেতা সেজে এক মহিলা দোকানে আসে। তাঁকে রুপোর গয়না দেখাতে বলে। দীপক তাকে গয়না দেখাতে থাকেন। একটা সময় মহিলার পছন্দ করা গয়না ওজন করতে যান দীপক। তখনই তিনি অসুস্থ বোধ করতে থাকেন।

দীপক বলেন, 'সবকিছু ঝাপসা দেখছিলাম। হঠাৎ সেই মহিলা আমার ওপর চড়াও হয়। আমার গলা থেকে সোনার মালা টান মেরে ছিঁড়ে নেয়।'

দোকানের অদূরেই এক পুরুষ অপেক্ষায় ছিল। সে তখন দোকানে ঢুকে পড়ে। ওই ব্যক্তি ব্যবসায়ীর হাত থেকে আংটি ও ব্রেসলেট খুলে নেওয়ার চেষ্টা করে। তখন দীপক বাধা দেওয়ার চেষ্টা করলে তাঁর মাথায় ভারী কিছু দিয়ে আঘাত করা হয়। তিনি জ্ঞান হারিয়ে ফেলেন। তাঁর বুকপকেটে ৭০০০ টাকা ছিল। সেই টাকাও খোয়া গিয়েছে বলে অভিযোগ।

ঘটনার কিছুক্ষণ পর পাশের দোকানের এক কর্মী দীপককে পড়ে থাকতে দেখেন। আশপাশের লোকজন মিলে ব্যবসায়ীকে দ্রুত কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। পরে তাঁকে একটি নার্সিংহোমে নিয়ে যাওয়া হয়।

সোনার দোকানে লুটের ঘটনা কিন্তু কামাখ্যাগুড়িতে এটাই প্রথম নয়। বছর দেড়েক আগে পুলিশ ফাঁড়ি থেকে ৩০০ মিটার দূরে একটি সোনার দোকানে লুটের চেষ্টা করেছিল দুষ্কৃতীরা। কিন্তু ওই দোকানের নিরাপত্তা ব্যবস্থা যথেষ্ট আঁটোসাঁটো থাকায় দুষ্কৃতীরা বড় ধরনের কোনও ক্ষতি করতে পারেনি।

কামাখ্যাগুড়ির স্বর্ণ ব্যবসায়ী স্বপন দেবনাথ বলেন, 'এধরনের ঘটনা দেখে এখন ব্যবসা করতে রীতিমতো ভয় পাচ্ছি। আমরা ক্রেতাদের বিশ্বাস করে তাঁদের গয়না দেখাই। দুষ্কৃতীরা ক্রেতা সেজে ঢুকলে আমাদের পক্ষে বোঝা অসম্ভব।' একই কথা বলেছেন আরেক স্বর্ণ ব্যবসায়ী মনতোষ কর্মকারও।



এই দোকানেই চলে লুটপাট।

# আন্দোলনে কংগ্রেস

**অভিজিৎ ঘোষ**

**আলিপুরদুয়ার, ২৯ এপ্রিল :** আলিপুরদুয়ার জেলা হাসপাতালের বিভিন্ন সমস্যা নিয়ে লাগাতার আন্দোলন করে আসছে কংগ্রেস। হাসপাতালের আয়াদের কাজে ফেরানো থেকে শুরু করে ডায়লিসিস ইউনিট চালু, আবর্জনা সরানোর মতো বিভিন্ন ইস্যু নিয়ে আন্দোলনে দেখা গিয়েছে কংগ্রেসকে। মঙ্গলবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ফের আন্দোলনে নামতে দেখা গেল কংগ্রেসকে। যদিও হাসপাতালের ভেতরে নয়, হাসপাতাল থেকে প্রায় ২০০ মিটার দূরে এদিন পথসভা করেন কংগ্রেস নেতারা। হাসপাতাল রোডের পাশে এই পথসভায় জেলা কংগ্রেসের একাধিক নেতাকে দেখা যায়। জেলা কংগ্রেস সভাপতি শান্তনু দেবনাথ, যুব কংগ্রেসের সভানেত্রী সানিয়া বর্ধন, যুব কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক শুভঙ্কর সাহা, রাজ্য সম্পাদক সুব্রত সাহা পথসভায় উপস্থিত ছিলেন।

যদিও সমর্থকের সংখ্যা ছিল খুবই কম। কংগ্রেস নেতারা এদিন হাসপাতালের বিভিন্ন দুর্নীতি নিয়ে আন্দোলন করেন। শান্তনু দেবনাথের কথায়, 'হাসপাতালের বিভিন্ন কাজের টেন্ডার হচ্ছে। তবে সেই কাজগুলো ঠিক করে হচ্ছে না। এই কাজে বড় দুর্নীতির গন্ধ পাওয়া যাচ্ছে। হাসপাতালের পরিষেবা একদিকে যেমন ভেঙে পড়ছে, সেইসঙ্গে চলছে দুর্নীতি।'

মঙ্গলবার হাসপাতালের বাইরে মাইক লাগিয়ে প্রায় দেড় ঘণ্টা পথসভা চলে কংগ্রেসের। অন্যদিকে, সেবা দলের রাজ্য সম্পাদক নিখিল ভট্টাচার্য আবার জেলা হাসপাতালের বিভিন্ন সমস্যা নিয়ে তৃণমূলকে কটাক্ষ করেন। তিনি বলেন, 'হাসপাতাল নিয়ে তৃণমূলের বর্তমান বিধায়ক সুমন কাঞ্জিলাল এবং প্রাক্তন বিধায়ক সৌরভ চক্রবর্তীর মধ্যে একরকম প্রতিযোগিতা চলছে। তাঁরা দুজন দু'রকমভাবে হাসপাতাল চালাতে চাইছেন। তাই যত সমস্যা।'

যদিও কংগ্রেসের এই পথসভাকে পাত্তা দিতে নারাজ তৃণমূল। আলিপুরদুয়ার টাউন ব্লক তৃণমূল সভাপতি দীপ্ত চট্টোপাধ্যায়ের কথায়, 'কংগ্রেসের বর্তমানে কোনও সমর্থক নেই। এগুলো করে সমর্থক জোগাড় করার বেকার চেষ্টা করা হচ্ছে। হাসপাতালে সব ঠিকই রয়েছে।'

**দুর্নীতির অভিযোগ**



# হেলমেট ছাড়া বাইক র‍্যালি

**বীরপাড়া, ২৯ এপ্রিল :** দিঘায় জগন্নাথধাম উদ্বোধনের প্রচারে মঙ্গলবার বিকেলে বীরপাড়া থেকে মাদারিহাট পর্যন্ত বাইক র‍্যালি করে তৃণমূল। ছিলেন দলের মাদারিহাট-বীরপাড়া ব্লক কমিটির সভাপতি তথা মাদারিহাটের বিধায়ক জয়প্রকাশ টোপ্পো সহ ব্লক, অঞ্চল কমিটি এবং শাখা সংগঠনগুলির একঝাঁক নেতা-কর্মী। প্রায় শ'তিনেক মানুষের র‍্যালিটি বীরপাড়া হাসপাতাল চত্বর থেকে শুরু হয়। ৪৮ নম্বর এশিয়ান হাইওয়ে ধরে 'জয় জগন্নাথ' ধ্বনি দিতে দিতে মাদারিহাটে পৌঁছায় র‍্যালিটি। তবে জয়প্রকাশ এবং হাতেগোনা কয়েকজন ছাড়া বেশিরভাগ তৃণমূল নেতা-কর্মীর মাথায় হেলমেট ছিল না। হেলমেট না পরলে ট্রাফিক আইন মোতাবেক নির্দিষ্ট অঙ্কের টাকা জরিমানা করার কথা। অবশ্য পুলিশ সেই পথে হাঁটেনি। এনিয়ে মন্তব্য করতে চাননি বীরপাড়া থানার ওসি নয়ন দাস।

হেলমেটবিহীন অবস্থায় দেখা গিয়েছে দলের ব্লক সাধারণ সম্পাদক রাজীব মুখোপাধ্যায়, বীরপাড়া ১ নম্বর অঞ্চলের সভাপতি সোমনাথ বন্দ্যোপাধ্যায়, সংখ্যালঘু সেলের ব্লক সভাপতি ফজলুল ইসলাম, জেলা পরিষদের বন ও ভূমি কর্মাধ্যক্ষ দীপনারায়ণ সিনহা সহ বেশিরভাগকেই। কয়েকটি বাইকে নিয়ম ভেঙে তিনজনও সওয়ার হতে দেখা যায়। অথচ ৪৮ নম্বর এশিয়ান হাইওয়েটি অত্যন্ত দুর্ঘটনাপ্রবণ। প্রায়ই ওই রাস্তায় দুর্ঘটনায় হতাহতের ঘটনা ঘটে। সাড়ে সাত বছরে মাদারিহাটের হলং থেকে বীরপাড়ার এথেলবাড়ি পর্যন্ত ২০ কিমিতে মৃতের সংখ্যা কমবেশি ১৫০। এঁদের মধ্যে বেশিরভাগই বাইকচালক এবং আরোহী। স্বাভাবিকভাবেই র‍্যালিতে শাসকদলের নেতা-কর্মীদের ট্রাফিক আইন ভাঙার ঘটনায় প্রশ্ন উঠেছে। রাজীব উত্তরে বলছেন, 'অতি উৎসাহে আমরা হেলমেট পরতে ভুলে গিয়েছিলাম। তবে এটা করা ঠিক হয়নি। ভবিষ্যতে এনিয়ে সচেতন থাকব।'

# তৎপর পুরসভা

**আলিপুরদুয়ার, ২৯ এপ্রিল :** রবিবারের প্রবল ঝড়-বৃষ্টিতে আলিপুরদুয়ারের একাধিক এলাকা কার্যত বিপর্যস্ত হয়ে পড়ে। বিদ্যুৎবাহী তার রাস্তায় ছিঁড়ে পড়েছিল। বিদ্যুতের খুঁটি হেলে পড়ায় বিপজ্জনক পরিস্থিতি তৈরি হয়েছিল। পরিস্থিতি স্বাভাবিক করতে পুরসভা দ্রুত উদ্যোগী হয়। আলিপুরদুয়ার পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর বলেন, '১২, ১৩, ১৫ এবং ১৭ নম্বর ওয়ার্ডে বেশি ক্ষতি হয়েছিল। কিছু জায়গায় শর্টসার্কিট হয়ে প্রাণহানির আশঙ্কাও হয়। দু'দিন টানা কাজ করে পোল ও তার ঠিক করা হয়।

# আন্তর্জাতিক নৃত্য দিবসে ডান্স ম্যারাথন

**আয়ুষ্মান চক্রবর্তী**

**আলিপুরদুয়ার, ২৯ এপ্রিল :** মঙ্গলবার ছিল আন্তর্জাতিক নৃত্য দিবস। এদিন সকাল সাড়ে ১১টা নাগাদ মাধবমোড়ে পুরসভা প্রেক্ষাগৃহে কত্থক নৃত্যে 'দেবী বন্দনা'র মধ্যে দিয়ে অনুষ্ঠান শুরু হয়। প্রতিবারের মতো এবারও রুদ্রাক্ষ পারফর্মিং আর্টস সেন্টারের উদ্যোগে অনুষ্ঠান হয়। কিন্তু এবার ছিল একটু ভিন্ন আয়োজন। 'ডান্স ম্যারাথন'-এর মাধ্যমে অনুষ্ঠানটি শুরু হয়। কত্থক এবং অন্য নাচের ফর্মকে একই ছন্দে উদযাপন করার লক্ষ্যেই এই ভাবনা বলে জানান আয়োজকরা। সুপ্রিয়া বিশ্বাস, অদৃজা সরকার, নীলাক্ষী চট্টোপাধ্যায়, পূর্বাশা দাস, সহেলি ঘোষরা দেবীবন্দনায় অংশ নেয়। প্রায় ২৫০ জন শিল্পী অংশ নিয়েছিল বিভিন্ন ধরনের নাচে। সম্পূর্ণা পণ্ডিত, সরন্যা গুহ, সমৃদ্ধি দেব জানায়, গত কয়েকদিন ধরে মহড়া চলছিল। অবশেষে অনুষ্ঠান করে ভালো লাগছে। উপস্থিত ছিলেন মহকুমা শাসক দেবব্রত রায়, বঙ্গরত্ন প্রমোদ নাথ, রাজ্য নাট্য অ্যাকাডেমির উপদেষ্টা কমিটির সদস্য পরিতোষ সাহা, জেলা ক্রীড়া সংস্থার সচিব সঞ্জয় ঘোষ সহ বিশিষ্টরা। ওই সেন্টারের 'গুরু' দেবজয়া সরকার বলেন, 'নাচের সংস্কৃতি বিভিন্ন ধারার মাধ্যমে তুলে ধরা হয়।' ১ মে পুরসভা হলে কলাশ্রী ডান্স অ্যাকাডেমির তরফেও নৃত্য দিবস উপলক্ষ্যে একটি অনুষ্ঠান হবে।

মঙ্গলবার নিউটাউন এলাকায় একটি বেসরকারি স্কুলেও নৃত্য দিবস পালন করা হয়। সন্ধের দিকে শহরের লেবুবাগান এলাকায় 'সুরছন্দম ডান্স অ্যাকাডেমি'র উদ্যোগে আন্তর্জাতিক নৃত্য দিবস উপলক্ষ্যে একাধিক অনুষ্ঠান ছিল। কত্থক, রবীন্দ্রনৃত্য, নজরুলনৃত্য, লোকনৃত্য, সেমি-ক্ল্যাসিকালে অংশ নেয় ১৫০ শিল্পী। প্রাক্তন নৃত্য শিক্ষার্থীদেরও সংবর্ধনা দেওয়া হয়। রেশমা কর চৌধুরী, শুভাঞ্জি দাস, শর্মী দাস জানায়, দিনটি সকলের কাছে গুরুত্বপূর্ণ। বহুদিনের মহড়ার পর অনুষ্ঠান হল।

একই দিনে 'আলিপুরদুয়ার ডান্স ফেডারেশন গ্রুপ'এর উদ্যোগে প্রথম বর্ষ আন্তর্জাতিক নৃত্য দিবস পালন করা হল। সেখানে প্রায় ২৫টি সমবেত নৃত্যানুষ্ঠান হয়েছে। যেখানে রবীন্দ্র নৃত্য থেকে শুরু করে ভরতনাট্যম, লোকনৃত্য, নজরুলনৃত্য, ওডিসি, কত্থক সহ একাধিক নাচের ফর্ম মঞ্চস্থ করেন শিল্পীরা। প্রায় ২৫০ জন শিল্পী অংশ নেন। অনুষ্ঠান শেষে পহলগামে জঙ্গি হানায় নিহতদের শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।






লেবুবাগান এলাকায় খুদেদের নাচ। (ডানদিকে) আলিপুরদুয়ারে পুরসভার হলঘরে অনুষ্ঠান। মঙ্গলবার আলিপুরদুয়ারে। - সংবাদচিত্র

